

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০৪.১৬(অংশ-২)- ৩৮-৮

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ।  
১১ মে, ২০১৭ খ্রিঃ।

বিষয় : সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লামাকাজি ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম এর বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ।

সূত্র : জেলা প্রশাসক, মানিকগঞ্জ কার্যালয়ের স্মারক নং-৩৪৯, তারিখ : ১২/০৪/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, সিলেট এর প্রস্তাব মোতাবেক সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লামাকাজি ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম এর বিরুদ্ধে একই গ্রামের বাসিন্দা জনাব রেবিনুন নেছা, স্বামী মৃত- আঃ মতলিব এর ভূয়া মৃত্যু সনদ দেখিয়ে বয়স্ক ভাতা কার্ড বাতিলসহ একই গ্রামের ভিন্ন ব্যক্তির নামে বয়স্ক ভাতা চালুকরণ এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে মিথ্যা তথ্য দিয়ে সংশ্লিষ্ট ইউপি সদস্য পূর্বতন কার্ডধারীর মৃত্যু সনদ গ্রহণসহ নতুন কার্ডধারীর পক্ষে সুপারিস করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৫) এর বিধান অনুযায়ী কেন তাকে লামাকাজি ইউনিয়ন পরিষদের সদস্য পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জনাব আবুল কালাম  
সদস্য, ০২নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত)  
লামাকাজি ইউনিয়ন পরিষদ  
বিশ্বনাথ, সিলেট।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, সিলেট (উল্লিখিত সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক সদস্যের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।